

[N.B. (i) The Bengali font used is SUTONNY MJ (ii) Open MATHUR, UJJALNILMONY and GOVINDALILAMRITAM by Adobe Illustrator]

## Brief History

### Specialized University for Chaitanyacharitamrita (SUC)

(কৃষ্ণপক্ষ লিখিত)

জয় গুরুদেব, শ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থে মঃ লীঃ ৮ পঃ ২৩০ শ্লোকে লেখা হইয়াছে--

গোপী-আনুগত্য বিনা ঐশ্বর্যজ্ঞানে ।

ভজিলেহ নাহি পায় ব্রজেন্দ্রনন্দনে ।।

আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংস্কৰণের প্রতিষ্ঠাতা-আচার্য শ্রীল অভয়চরণারবিন্দ ভঙ্গিবেদান্ত স্বামী প্রভুপাদ এই শ্লোকের অর্থ ও তাৎপর্য লিখিয়াছেন-- “ব্রজগোপীকাদের আনুগত্য বিনা ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণের পাদপদ্মের সেবা লাভ করা যায় না । ভগবানের ঐশ্বর্য সমন্বে যারা অত্যাধিক সচেতন, তারা ভগবানের সেবায় যুক্ত থাকলেও, বৃন্দাবনে শ্রীকৃষ্ণের চরণশ্রায় লাভ করতে পারে না । বিধি মার্গে লক্ষ্মী-নারায়ণের সেবা করা যায় । কিন্তু রাধা-কৃষ্ণের সেবা কেবল রাগমার্গেই সম্ভব । রাধা-কৃষ্ণের মাধুর্যপর জীলায় লক্ষ্মী-নারায়ণের ঐশ্বর্যের স্থান নেই তাই বিধিমার্গের উর্ধ্বে, ব্রজগোপীকাদের আনুগত্যে, রাগমুগা ভঙ্গির মাধ্যমে কেবল রাধা-কৃষ্ণের ভজন হয় । ঐশ্বর্যপর আরাধনায় এই উন্নত শ্রেণী লাভ করা যায় না । যারা রাধা-কৃষ্ণের মাধুর্যপ্রেমে আকৃষ্ট হয়েছেন, তাদের অবশ্যই ব্রজগোপীকাদের আনুগত্য বরণ করতে হবে । তাহলেই কেবল গোলক-বৃন্দাবনে প্রবেশ করে সরাসরি ভাবে রাধা-কৃষ্ণের সঙ্গলাভ করা সম্ভব হবে ।”

**ব্রজগোপীকাদের আনুগত্য বরণ করিবার জন্য অবশ্যই মঞ্জুরীগণের ধ্যানমন্ত্র জপ করিতে হইবে ।**

সুতরাং গুরু-পরম্পরা ধারায় উপযুক্ত শিক্ষা প্রদান করা একান্ত প্রয়োজন যাহাতে, জনসাধারণ শিক্ষালাভ করিয়া যথাযথ পছায় রাগমার্গে ভজন করিয়া বৃন্দাবনে শ্রীশ্রী রাধা-কৃষ্ণের সেবায় যুক্ত হওয়ার জন্য কৃঞ্জলীলায় প্রবেশ করিতে পারে । তাহা হইলে জনগণের সর্বশ্রেষ্ঠ উপকার হইবে । কৃষ্ণভাবনামৃত গ্রন্থ করাই হচ্ছে সর্বশ্রেষ্ঠ কার্য । শ্রীল অভয়চরণারবিন্দ ভঙ্গিবেদান্ত স্বামী প্রভুপাদ আমাদের কৃষ্ণভাবনামৃত পথের সন্ধান বিশেষভাবে প্রদর্শন করিয়াছেন । তিনি এই দর্শনের সর্বশ্রেষ্ঠ কার্য শিক্ষা ব্যবস্থার নির্দেশনা দিয়াছেন । বিভিন্ন কার্যক্রমের মধ্যে তিনি লিখিয়াছেন সমগ্র পৃথিবীতে বর্তমান শিক্ষা ব্যবস্থায় জড়-জাগতিক বিষয়ে বিশ্ববিদ্যালয়ে সর্বোচ্চ শিক্ষার প্রচলন আছে । কিন্তু আধ্যাত্মিক শ্রেণীর সনাতন ধর্মের শিক্ষা কার্যক্রম বিশ্ববিদ্যালয়ে নাই । বিশ্ববিদ্যালয় শ্রেণীর সনাতন ধর্মীয় উচ্চ শিক্ষার প্রচলন করা একান্ত আবশ্যিক ।

এই চিন্তাধারার পরিপ্রেক্ষিতে সনাতন ধর্মীয় উচ্চশিক্ষার কার্যক্রম বাস্তবে রূপ দিতে কতিপয় মানব সন্তানের উদ্দেয়গে চৈতন্য বিশ্ববিদ্যালয় নামে প্রথমে কার্যকলাপ শুরু করা হয় ভক্তবাড়ী, ৮৯, মণিপুরীপাড়া, ফার্মগেট, ঢাকাতে জানুয়ারী, ২০১৪ ইংরেজী সালে । অস্থায়ীভাবে দায়িত্ব দেওয়া হয় দুইজন মানব সন্তানকে,

(১) তমাল কৃষ্ণ দাস...উপাচার্যের দায়িত্ব ।

(২) স্বপন কৃষ্ণ দাস...উপ-উপাচার্যের দায়িত্ব ।

সময়ের ব্যবধানে সিদ্ধান্ত করা হয় আনুষ্ঠানিকভাবে সভার মাধ্যমে ধর্মীয় উচ্চশিক্ষার গুরুত্ব জনসাধারণের নিকট প্রকাশ করিতে হইবে । সভা আহ্বান করা হয় এবং আনুষ্ঠানিকভাবে প্রথম সভা অনুষ্ঠিত হয় ফেব্রুয়ারী ২৯, ২০১৬ ইং তারিখে গল্লামারী, খুলনা, ইসকন মন্দিরে উপস্থিত ভক্ত চারিজন (৪) মানব সন্তান

(১) দয়াল গৌরাঙ্গ দাস

(২) রাধিকেশ দাস

(৩) ডঃ মুক্তিদায়ী নিতাই দাস

(৪) চিদানন্দ দাস

সহযোগে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম জোরদার করিতে সিদ্ধান্ত গ্রহণ করিয়া সর্বত্র প্রচারের জন্য অনুরোধ জানানো হয়। দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয় মার্চ ৪, ২০১৬ ইং তারিখে ৮১, সাউথ সেন্ট্রাল রোড, খুলনা, ইসকন মন্দিরে। ক্রমে ক্রমে এক পর্যায়ে আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘের আচার্য শ্রীল যদুনন্দন স্বামী ফেব্রুয়ারী ১৭, ২০১৭ ইং তারিখে পত্র লিখিয়া জানিয়ে দেন- "It is wonderful project." পরবর্তীতে আচার্য শ্রীল জয়পতাকা স্বামী আগস্ট ২৫, ২০১৭ ইং তারিখে পত্র লিখিয়া জানিয়ে দেন কার্যক্রম মন্দির অথবা ISKCON Ministry of Education এর তত্ত্বাবধানে করিতে হইবে। তারপর আচার্য শ্রীল ভক্তিচারু স্বামী জানুয়ারী ৯, ২০১৯ ইং তারিখে পত্র লিখিয়া জানিয়ে দেন- "Pass it through the local authority and then we can see how to move forward. ইহার পরিপ্রেক্ষিতে শিক্ষা বিষয়ক কার্যক্রম ISKCON Ministry of Education এ অন্তর্ভুক্ত করিতে জানুয়ারী ১১, ২০১৯ ইং তারিখে Secretary, National Committee, ISKCON, Bangladesh বরাবর দরখাস্ত পেশ করা হয়। বিষয়টি বিবেচনাধীন আছে। পরবর্তীতে বিভিন্ন দেশের মানুষের চেষ্টায় বিভিন্ন দেশের সরকারের সহিত যোগাযোগের জন্য ব্যবস্থা করা হচ্ছে। বর্তমানে গত ১৬/০৮/২০২৩ ইং তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রীর নিকট আমাদের ফাইলটি সম্পর্কে অবগত করার জন্য তাঁর পিএস এর নিকট আমাদের আবেদন পেশ করা হয়েছে। ফাইলটি এখনো বিবেচনাধীন আছে। শিক্ষা বিষয়ক বিস্তারিত কার্যক্রম অবগত হওয়ার জন্য visit: [www.chaitanyauniversity.org/](http://www.chaitanyauniversity.org/) এবং Local Ministry of Sanatan Religion Education and Research, Chattogram, Bangladesh এর অফিসে যোগাযোগ করিবেন।